
# OATH এ সমনে সাড়া দেওয়া

## ধাপ 1

## আপনার শুনানির তারিখ যাচাই করুন

আপনার শুনানির তারিখের জন্য আপনার সমন যাচাই করুন। যদি আপনার কাছে সমনের অনুলিপি না থাকে, তাহলে সমন ফাইন্ডারে (Summons Finder) অনুসন্ধান করুন অথবা (844) 628-4692 নম্বরে শুনানি বিভাগে কল করুন।


POLICE DEPARTMENT CITY OF NEW YORK

SUMMONS TO APPEAR
FOR CIVIL PENALTIES ONLY

SUMMONS NUMBER: 0000 000 000
ENFORCEMENT AGENCY: **Police Department**

Respondent Last Name | First | M.I.

Phone No | ☐ Cell ☐ Home | D.O.B. MM / DD / YY | Sex ☐ Male ☐ Female

Mailing Address

ID Number | ID Type

Race ☐ White ☐ Black ☐ Hisp. White ☐ Hisp. Black ☐ Am. Ind./Alaskan Native ☐ Asian/Pacific. Is.

Date of Occurrence MM / DD / YY | Time of Occurrence HH : MM ☐ AM ☐ PM

Place of Occurrence (☐ At ☐ In Front Of ☐ Opposite) | Precinct

**Include the summons number above on all communications**

HEARING DATE: MM / DD / YY AT: HH : MM ☐ AM ☐ PM

**You must respond by the above date.**
**See the BACK OF THIS SUMMONS to learn about your options.**

**WARNING:** If you do not respond, you may be found automatically responsible and you may owe larger penalties. If you do not pay any imposed penalties, you may lose your ability to keep or get a City license, permit or registration. The City might also take further legal action against you. See the back for more information.

**Hearing Location:** Office of Administrative Trials and Hearings (OATH)

Borough: ____________ (See back for address) **(844) 628-4692** **www.nyc.gov/oath**

আপনার শুনানির তারিখ পুনরায় নির্ধারণ করতে nyc.gov/oath/reschedule এ যান।

## ধাপ 2

## আপনি কীভাবে প্রতিক্রিয়া জানাতে চান তা নির্ধারণ করুন: মেনে নেওয়া ও পরিশোধ করা, প্রতিকার বা নিষ্পত্তি, অথবা শুনানিতে সমনের বিরুদ্ধে লড়াই

**এখানে পে করুন**

আপনি যদি লঙ্ঘনের কথা স্বীকার করতে চান এবং জরিমানা দিতে চান তবে ওয়েবসাইটে পেমেন্ট/জরিমানা বিভাগে যান।

কিছু লঙ্ঘনের ক্ষেত্রে, আপনি আপনার শুনানির আগে লঙ্ঘন সংশোধন করতে পারেন বা ইস্যুকারী সংস্থার সাথে নিষ্পত্তিতে সম্মত হতে পারেন। আপনার যদি প্রতিনিধি না থাকে, তাহলে Manhelpcenter@oath.nyc.gov এ বা (212) 436-0845 নম্বরে যোগাযোগ করুন।

## আপনার শুনানির তারিখ সম্পর্কে টেক্সট মেসেজ রিমাইন্ডারের জন্য সাইন আপ করুন

OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS — OATH

### আর কখনো শুনানি মিস করবেন না!

(917) 451-8829 নম্বরে "OATHReminder" টেক্সট পাঠিয়ে টেক্সট মেসেজ রিমাইন্ডারের জন্য অপ্ট-ইন করুন

এরপর আপনি যে সমনের জন্য রিমাইন্ডার চান তার জন্য সমন নম্বর লিখতে বলা হবে।




মেসেজ ও ডেটা রেট প্রযোজ্য হতে পারে।

# OATH এ সমনে সাড়া দেওয়া

## ধাপ 3

### আপনার শুনানির জন্য প্রস্তুতি গ্রহণ করুন

ইস্যুকারী কর্মকর্তার মাধ্যমে লিখিত চার্জ এবং নোটসহ আপনার সমন পর্যালোচনা করুন। আপনার প্রমাণের অনুলিপি প্রস্তুত করুন এবং একটি ডিজিটাল ফরম্যাটে রূপান্তর করুন (নথির স্ক্যান বা ছবি) যাতে আপনি সেগুলি শুনানির সময় শুনানি কর্মকর্তাকে ইমেইল করতে পারেন।

যদি আপনার প্রতিনিধি না থাকে, তাহলে আপনি আপনার শুনানির পূর্বে বিনামূল্যে এককভাবে পরামর্শের জন্য OATH সহায়তা কেন্দ্রে (OATH Help Center) এই ঠিকানায় Manhelpcenter@oath.nyc.gov অথবা (212) 436-0845 নম্বরে যোগাযোগ করতে পারেন।

- ছোট ব্যবসা প্রতিষ্ঠানের সহায়তার জন্য: Smallbizhelp@oath.nyc.gov
- যুদ্ধপ্রবীণদের (ভেটেরান) সহায়তার জন্য: veteranshelp@oath.nyc.gov
- প্রবীণ নাগরিকদের সহায়তার জন্য: seniorshelp@oath.nyc.gov

OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS
CITY OF NEW YORK OATH
সহায়তা

## ধাপ 4

### আপনার শুনানির তারিখে বা তার আগে উপস্থিত হন

OATH শুনানি সাধারণত ফোনে বা অনলাইনে লিখিত আত্মপক্ষ সমর্থন জমা দিয়ে অনুষ্ঠিত হয়।

**ফোনে শুনানির ক্ষেত্রে**, আপনার শুনানির তারিখে OATH থেকে প্রাপ্ত ইমেইলে দেওয়া ফোন নম্বরে কল করুন, আপনার সমনে তালিকাভুক্ত শুনানির সময় থেকে শুরু করে দুপুর 2:00টা পর্যন্ত যেকোনো সময়।

ফোনের মাধ্যমে আপনার শুনানির জন্য, আপনার শুনানির তারিখের 3 কার্যদিবসের আগে আপনাকে **অবশ্যই** ফোন নম্বর ও পিনের অনুরোধ জানাতে হবে। আপনি www.nyc.gov/oathphone -এ অনলাইনে আপনার অনুরোধ জমা দিতে পারেন।

আপনার শুনানির আগে একটি ফোন নম্বর ও পিন নম্বরসহ আপনি একটি ইমেইল পাবেন যা আপনি আপনার শুনানির তারিখে কল করতে ব্যবহার করবেন।

আপনি যদি আপনার শুনানির আগের দিন আপনার পিন নম্বর না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে আপনার স্প্যাম/জাঙ্ক ইমেইল ফোল্ডারটি চেক করুন। যদি আপনি এখনো আপনার পিন নম্বর খুঁজে না পান, তাহলে (212) 436-0845 নম্বরে সহায়তা কেন্দ্রে যোগাযোগ করুন অথবা Manhelpcenter@oath.nyc.gov এ ইমেইল করুন।

**ব্যক্তিগতভাবে শুনানির ক্ষেত্রে**, আপনি LiveHearings@oath.nyc.gov এ ইমেইল করে শুনানির তারিখের আগে OATH অফিসে ব্যক্তিগতভাবে শুনানির অনুরোধ করতে পারেন। ব্যক্তিগতভাবে শুনানির অনুরোধটি নির্ধারিত শুনানির তারিখের অন্তত 5 কার্যদিবস আগে OATH-এ ইমেইল করতে হবে। অফিসের ঠিকানা এবং অফিসের কাজের সময় এখানে পাওয়া যাবে।

**অনলাইনে বা ডাকযোগে লিখিত প্রতিক্রিয়ার ক্ষেত্রে:** আপনার সমনে তালিকাভুক্ত লঙ্ঘনের উপর নির্ভর করে, আপনি অনলাইনে বা ডাকযোগে আপনার প্রতিক্রিয়া জমা দেওয়ার জন্য যোগ্য হতে পারেন। OATH ওয়েবসাইটে অনলাইনে জমা (online submissions) এবং ডাকযোগে জমা (mail submissions) সম্পর্কে তথ্য রয়েছে।

**সতর্কতা: আপনি যদি আপনার শুনানির তারিখে বা তার আগে সাড়া না দেন, তাহলে আপনাকে আদালতে নির্দিষ্ট দিনে হাজির না হওয়া (ডিফল্ট) লঙ্ঘনকারী হিসেবে গণ্য করা হবে এবং আপনি উচ্চতর জরিমানার সম্মুখীন হতে পারেন। যদি এটি ঘটে, তাহলে আপনি একটি নতুন শুনানির অনুরোধ করার যোগ্য হতে পারেন। ওয়েবসাইটের মিস করা শুনানি (Missed Hearings) সেকশনে প্রয়োজনীয় ফরম এবং নতুন শুনানির জন্য অনুরোধ করার পদ্ধতি সম্পর্কে আরো তথ্য রয়েছে।**

***শুনানির সিদ্ধান্ত প্রদানে ব্যর্থতা যা আপনাকে চার্জ লঙ্ঘন বা জরিমানার অর্থাদি প্রদানে অক্ষম এর মধ্যে দেখায় ফলে সিটি আইনি পদক্ষেপ নিতে পারে, আদালতে আপনার বিরুদ্ধে রায় হতে পারে এবং/অথবা সিটি লাইসেন্সের আবেদন প্রত্যাখ্যাত হতে পারে।***